

স্মারক নং - ৩২.০১.২৭৬০.০০০.১৪.০০১.২০-১৩৭

তারিখ : ২৪ পৌষ ১৪২৮ বঃ
৩০ ডিসেম্বর ২০২১ খ্রিঃ


প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “মহিলা প্রশিক্ষণ কেন্দ্র(WTC)” উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, খানসামা, দিনাজপুর-এ ২০২১-২০২২ অর্থ বছরের জানুয়ারী/২২ - মার্চ/২২ সেশনে ০৩(তিন) মাস (৩৬০ ঘন্টা) মেয়াদী “আধুনিক দর্জি বিজ্ঞান” প্রশিক্ষণ কোর্সে ভর্তি ইচ্ছুক মহিলাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেড কোর্সের নাম	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ	সময়
১	আধুনিক দর্জি বিজ্ঞান	৩০	৩(তিন) মাস	৮ম শ্রেণী	২৮/১২/২০২১ খ্রিঃ	সকাল- ১০.০০ঘঃ

শর্তাবলী :

- আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং খানসামা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনকারীর বয়স ২৮ ডিসেম্বর’২০২১ তারিখে ১৮-৪০ বছরের মধ্যে হতে হবে(বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য)।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের ফটোকপি, পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র এবং আবেদনকারীর সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।
- নিম্নস্বাক্ষরকারীর দপ্তর অথবা www.dwa.khansama.dinajpur.gov.bd ওয়েবসাইট হতে আবেদন পত্র সংগ্রহ/ডাউনলোড করে ২৭/১২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জমা দেয়া যাবে।
- দরিদ্র/পরিবার প্রধান/স্বামী পরিত্যক্তা/বিধবা/তালাকপ্রাপ্তা/বাল্যবিবাহে যুক্তিপূর্ণ/নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠি/আশ্রায়ন কেন্দ্রে বসবাসরত মহিলাগণ অগ্রাধিকার পাবেন।
- আবেদন ফরমের কোন তথ্য গোপন করলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার ভর্তি বাতিল করা হবে।
- ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- সকাল ৯.০০ ঘঃ হতে বিকাল ০৪.০০ ঘঃ পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। নির্বাচিত প্রশিক্ষার্থীগণ দৈনিক ১০০/- (একশত) টাকা হারে (সরকারী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এবং উপস্থিতির ভিত্তিতে) প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।
- অত্র প্রশিক্ষণ কেন্দ্র হতে যারা ইতোপূর্বে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- সরকারী যে কোন বিধি বিধান অনুসরণ করা হবে।



(মোছাঃ ফারজানা ইয়াসমিন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
খানসামা, দিনাজপুর।

☎: ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)

E-mail : uwaokhansama@gmail.com

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে

- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
- উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
- উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
- উপজেলা..... অফিসার, খানসামা, দিনাজপুর।
- চেয়ারম্যান/ইউপি.সচিব,.....ইউপি(সকল), খানসামা, দিনাজপুর (বিজ্ঞপ্তিটি সকল আশ্রায়ন কেন্দ্রসহ অন্যান্য স্থানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- সভাপতি/সম্পাদক, খানসামা প্রেস ক্লাব, খানসামা, দিনাজপুর।
- সভানেত্রী/সম্পাদিকা,.....সমিতি, খানসামা, দিনাজপুর।
- অফিস কপি/নোটিশ বোর্ড।